



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
৩ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০
www.pib.gov.bd

নৈতিকতা কমিটির তৃতীয় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : মো. জাকির হোসেন, পরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব ও আহ্বায়ক ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি
সভার তারিখ : ১৭.০১.২০২৪ খ্রি.
সভার সময় : বেলা-১১:০০ টা
স্থান : পরিচালক (প্রশাসন)-এর কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভাপতি, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর দ্বিতীয় ত্রৈমাসিক এর অগ্রগতি (প্রমাণকসহ) তুলে ধরেন। দ্বিতীয় ত্রৈমাসিক প্রতিবেদন নিয়েও বিস্তারিত আলোচনা হয়। তিনি জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর দ্বিতীয় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে তৃতীয় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রার বিষয়াদি উপস্থাপন করা হয়। কমিটির সদস্য পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ) অতিরিক্ত দায়িত্ব, ড. কামরুল হক, সহকারী অধ্যাপক, জনাব পংকজ কর্মকার, নির্বাহী অফিসার (চলতি দায়িত্ব), জনাব মোহাম্মদ নাছির উদ্দীন চৌধুরী ও মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব), জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচনা শেষে পিআইবি'র কর্ম-পরিবেশ উন্নয়ন এবং শুদ্ধাচার প্রতিষ্ঠার নিমিত্ত নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:	(১)	পিআইবি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ১.৫.১ অনুযায়ী পিআইবি'র ১নং ভবনের সেমিনার রুমের পাশে পানির ফিল্টার স্থাপন করা হবে।
	(২)	পিআইবি প্রাঙ্গণে শীতকালীন ফুলের গাছ লাগিয়ে সৌন্দর্য বর্ধন করা হবে।

সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিকল্পনা বাস্তবায়ন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো. জাকির হোসেন)
পরিচালক (প্রশাসন)
চলতি দায়িত্ব
ও

আহ্বায়ক ও ফোকাল পয়েন্ট
নৈতিকতা কমিটি

বিতরণ:

১. ড. কামরুল হক, পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ), (অতিরিক্ত দায়িত্ব) ও সদস্য, নৈতিকতা কমিটি, পিআইবি, ঢাকা।
২. জনাব পংকজ কর্মকার, সহকারী অধ্যাপক ও সদস্য, নৈতিকতা কমিটি, পিআইবি, ঢাকা।
৩. জনাব মোহাম্মদ নাছির উদ্দীন চৌধুরী, নির্বাহী অফিসার (চলতি দায়িত্ব) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, পিআইবি, ঢাকা।
৪. জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব) ও সদস্য, নৈতিকতা কমিটি, পিআইবি, ঢাকা।